# জাতীয় বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

বাংলাদেশ

www.nubd.info/honours

স্মারক নং-১৮(০৫)জাতীঃবিঃ/পনি/অনার্স পার্ট-৪/২০১৪/২০২৩/২০২৫/৪৬২৮     তারিখ ঃ ১৮/০২/২০২৫ খ্রিঃ

## বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৩ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষার আবেদন ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম On-line (EMS) এর মাধ্যমে আগামী ১৯/০২/২০২৫ তারিখ থেকে শুরু হবে। এ সংক্রান্ত যাবতীয় তথ্যাদি নিম্নে প্রদত্ত হলো। পরীক্ষার বিস্তারিত সময়সূচী ও অন্যান্য সকল তথ্য পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২৩ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষার ফরম পূরণের তথ্যাবলী
ওয়েব সাইটঃ ems.nu.ac.bd অথবা www.nubd.info/formfillup

### ০১। আবেদন ফরম পূরণ ও সোনালী সেবা বিবরণী ফরম জমাদানের সময়সূচী/নিয়মাবলী ঃ

| | | |
|---|---|---|
| ক) | আবেদনকারী পরীক্ষার্থীদের On-line এ আবেদন ফরম ডাউনলোড করার সময়সীমা | ১৯/০২/২০২৫ থেকে ১৫/০৩/২০২৫ তারিখ পর্যন্ত |
| খ) | আবেদন ফরম কলেজ কর্তৃক নিশ্চয়নের শেষ তারিখ | ১৭/০৩/২০২৫ রাত ১১:৫৯ মি. পর্যন্ত |
| গ) | Pay Slip সংগ্রহ ও সোনালী সেবার মাধ্যমে নির্ধারিত ফি জমাদান : (বিস্তারিত ০৯ নং এ এ দ্রষ্টব্য) | ১৮/০৩/২০২৫ থেকে ২০/০৩/২০২৫ তারিখ পর্যন্ত |
| ঘ) | বিঃ দ্রঃ | পরীক্ষার্থীদের অন-লাইনে এন্ট্রিকৃত বিবরণী ফরম, হিসাব বিবরণী ফরম এবং ইনকোর্স নম্বরের মূল কপি ও প্রিন্ট কপি বিষয়ওয়ারী আলাদাভাবে সিলগালা করে স্ব-স্ব কলেজ, ফলাফল প্রকাশের পর ০৬ মাস পর্যন্ত সংরক্ষণ করতে হবে। |

### ০২। আবেদন ফরম পূরণের নির্ধারিত ফি ঃ

| ক্রমিক | পরীক্ষার্থীদের ফি এর বিবরণ | টাকা |
|---|---|---|
| ০১ | তত্ত্বীয় পরীক্ষার ফি (প্রতি পূর্ণ পত্রের জন্য) | ২৫০/- |
| ০২ | তত্ত্বীয় পরীক্ষার ফি (প্রতি অর্ধ পত্রের জন্য) | ১৫০/- |
| ০৩ | ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতি পত্র/কোর্স) | ২৫০/- |
| ০৪ | মৌখিক পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী) | ২৫০/- |
| ০৫ | ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী): i) বিশ্ববিদ্যালয় ফান্ডে জমা হবে ১০০/- টাকা, ii) কলেজ ফান্ডে জমা হবে ২০০/- টাকা | ৩০০/- |
| ০৬ | মনোবিজ্ঞান এবং সঙ্গীত (থিসিস/তত্ত্বীয়) বিষয়ের ব্যবহারিক পরীক্ষার রিসার্স/প্রজেক্ট ফি (প্রতি পরীক্ষার্থী) i) বিশ্ববিদ্যালয় ফান্ডে জমা হবে ২০০/- টাকা , ii) কলেজের বিভাগীয় ফান্ডে জমা হবে ১০০০/- টাকা | ১২০০/- |
| ০৭ | বিশেষ অন্তর্ভূক্তি ফি প্রতি পরীক্ষার্থীর জন্য (গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীর জন্য প্রযোজ্য) | ৩০০/- |
| ০৮ | সাময়িক সনদ ফি ৩০০/- টাকা এবং একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি ৫০০/- টাকা (প্রতি পরীক্ষার্থীর জন্য) অনিয়মিত এবং মানউন্নয়ন পরীক্ষার্থী যারা পূর্বে ফরম পূরণ করেছেন তাদের ক্ষেত্রে প্রযোজ্য নয়। | ৮০০/- |
| ০৯ | কেন্দ্র ফি তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থীর জন্য i) কলেজের অংশ ১৫০/- টাকা, ii) কেন্দ্রের অংশ ৩০০/- টাকা | ৪৫০/- |
| ১০ | কেন্দ্র ফি ব্যবহারিক (প্রতি পরীক্ষার্থী) কলেজ ফান্ডে জমা হবে। | ১৫০/- |
| ১১ | সমাজকর্ম এবং ভূগোল ও পরিবেশ বিজ্ঞান বিষয়ের মাঠকর্ম ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য) i) বিশ্ববিদ্যালয় ফান্ডে জমা হবে ১০০/- টাকা, ii) কলেজের বিভাগীয় ফান্ডে জমা হবে ১০০০/- টাকা | ১১০০/- |

## আবেদন ফরম, বিবরণী ফরম এবং অন্যান্য ফি জমার ফরম সংগ্রহ ও নিয়মাবলী ঃ

### ০৩। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী ঃ

ক) ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে জাতীয় বিশ্ববিদ্যালয়ে নিবন্ধিত যে সকল শিক্ষার্থী ২০২২ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে সে সকল শিক্ষার্থী নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৩ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

খ) ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ এবং ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে নিবন্ধিত যে সকল শিক্ষার্থী অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে অথবা অনুপস্থিত রয়েছে তারা ২০২৩ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় ঐ সকল কোর্সে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

গ) যে সকল শিক্ষার্থী ২০২২ সালের অনার্স চতুর্থ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে CGPA প্রাপ্ত হয়েছে শুধুমাত্র তারাই C এবং D গ্রেড প্রাপ্ত দু'টি পত্রে ২০২৩ সালের অনার্স চতুর্থ বর্ষ পরীক্ষায় CGPA উন্নয়নের জন্য অংশগ্রহণ করার সুযোগ পাবে।

ঘ) ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮, এবং ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের পরীক্ষার্থী যারা ২০২২ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় Promoted হয়েছে সে সকল পরীক্ষার্থী ২০২৩ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

ঙ) শুধুমাত্র ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের এক বা একাধিক কোর্সে যারা F গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) অথবা অনুপস্থিত তারা বিশেষ বিবেচনায় পরীক্ষায় অংশগ্রহণের জন্য সর্বসাকুল্যে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা বিশেষ ফি (এক বা একাধিক কোর্সের জন্য F গ্রেড প্রাপ্ত সমভাবে) প্রদান সাপেক্ষে আবেদন ফরম পূরণ করতে পারবে। রেজিস্ট্রেশন নবায়নের প্রয়োজন হবে না।

উল্লেখ্য, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণে ব্যর্থ হলে অথবা অংশগ্রহণ করে পুনরায় অকৃতকার্য হলে অথবা ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলে কোন অবস্থাতেই তারা পরবর্তী বছর পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আবেদন করতে পারবে না।

০৪। অনার্স পাঠ্যসূচী (Syllabus) ঃ

২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ কর্তৃক প্রণীত সিলেবাস ও রেগুলেশন অনুযায়ী এ পরীক্ষা অনুষ্ঠিত হবে।

০৫। অনলাইনে আবেদন ফরম পূরণের পদ্ধতি (পরীক্ষার্থীদের জন্য) ঃ

ক)আবেদনকারীকে নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (**http://ems.nu.ac.bd/student-login**) এ প্রবেশ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী ফরম পূরণের আবেদন করতে হবে। আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড এবং ফি উল্লেখ থাকবে। ফি সহ প্রিন্টকৃত কপি আবেদনকারীকে কলেজের স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে। **বিষয় কোড ভুল পূরণের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না।**

খ) আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ফরম Cancel করে পুনরায় আবেদন ফরম Download করতে হবে।

০৬। কলেজের জন্য করণীয় ঃ

ইনকোর্স পরীক্ষার প্রয়োজনীয় শর্তাবলী ঃ

ক) সকল নিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে রেজিস্ট্রেশন নম্বর প্রাপ্তির পর কলেজের সংশ্লিষ্ট বিভাগ ১৫% নম্বরের একটি ইনকোর্স পরীক্ষা এবং উপস্থিতির ভিত্তিতে ৫% সহ মোট ২০% নম্বরের মধ্যে প্রাপ্ত নম্বরসহ রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে অন-লাইনে এন্ট্রি করতে হবে।

খ) আবেদন ফরম পূরণের সময় পরীক্ষার্থীর ইনকোর্স পরীক্ষায় প্রাপ্ত নম্বরের মূল ম্যানুয়াল কপি থেকে On-line রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে নম্বর এন্ট্রি করার পর মূল প্রিন্ট কপি ম্যানুয়াল কপির সাথে যাচাই পূর্বক বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষর করবেন। মূল ম্যানুয়াল ও প্রিন্ট কপিগুলো বিষয়ওয়ারী আলাদা খামে সিলগালা করে বিবরণী ফরম সহ পরীক্ষার ফলাফল প্রকাশের পর ০৬ (ছয়) মাস পর্যন্ত সংশ্লিষ্ট কলেজ সংরক্ষণ করবেন। কোন পরীক্ষার্থীর ইনকোর্সের নম্বরে সমস্যা হলে মূল ম্যানুয়াল কপির বাইরে আলাদাভাবে কোন নম্বর গ্রহণ করা হবে না। ইনকোর্স নম্বর প্রদান না করা হলে পরীক্ষার্থীদের আবেদন গ্রহণ করা হবে না। প্রেরিত ইনকোর্স নম্বরের কোন প্রকার সংশোধন, সংযোজন, বিয়োজন কোন অবস্থাতেই গ্রহণ করা হবে না।

০৭। আবেদন ফরম, বিবরণী ফরম ও ফি জমাদান ফরম সংগ্রহ ঃ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে ফরম পূরণের আবেদন ফরম, সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List), Online -এ ডাটা নিশ্চয়ন করার পর বিষয় ভিত্তিক পরীক্ষার্থীদের বিবরণী ফরম ও ফি জমাদান ফরম সংগ্রহ/প্রিন্ট করা যাবে।

ক) পরীক্ষার্থীদের ডাটা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে সরাসরি On-line এ সঠিক এন্ট্রি করা হয়েছে কি-না তা সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List) -এর সাথে যাচাই পূর্বক যথাযথ নিশ্চিত হয়ে জমাকৃত আবেদনগুলো বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে College Log-in এ প্রবেশ করে নিশ্চয়ন করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ স্বাক্ষর করবেন। Log-in এর জন্য ওয়েবসাইটে College Profile কিংবা সংশ্লিষ্ট শাখা থেকে User ID & Password সংগ্রহ করা যাবে।

খ) প্রত্যেক পরীক্ষার্থীর সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (সত্যায়িত) এর মধ্যে ০১ (এক) কপি অনলাইনে প্রিন্টকৃত আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দ্বারা সংযোজন করতে হবে এবং অপর ০১ (এক) কপি ছবি স্ব-স্ব বিভাগে সংরক্ষণ করবেন।

গ) পরীক্ষার্থী কর্তৃক On-line এ পূরণকৃত আবেদন ফরম কলেজে জমা দিবেন এবং কলেজ উক্ত পরীক্ষার্থীর ইনকোর্স নম্বরসহ On-line এ নিশ্চয়ন করবেন। শুধু কলেজ কর্তৃক On-line এ নিশ্চয়নকৃত পরীক্ষার্থীদের প্রবেশপত্র ইস্যু করা হবে। নিশ্চয়ন সম্পন্ন হলে On-line এ পরীক্ষার্থীদের বিবরণী প্রিন্ট করতে হবে।

ঘ) ২০২৩ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষার ওয়েবসাইট যথাসময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির জন্য বিজ্ঞপ্তিতে উল্লেখিত নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রিয়ভাবে কার্যক্রম বন্ধ হয়ে যাবে বিধায় যথাসময়ে কলেজকে নির্ভুল ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।

ঙ) ইনকোর্স, মাঠকর্ম, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার নম্বর On-line এ এন্ট্রি করার সময় নম্বর প্রেরণে কোন প্রকার ভুল হলে সঙ্গে সঙ্গে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, অনার্স ৪র্থ বর্ষ শাখা বরাবর লিখিত ভাবে জানাতে হবে। ভুল সংশোধনের ক্ষেত্রে মূল ম্যানুয়াল নম্বরকে (বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত) ভিত্তি হিসেবে ধরা হবে।

০৮। EMS সফটওয়ার থেকে ফরম পূরণের ক্ষেত্রে প্রয়োজনীয় সহযোগিতার লক্ষ্যে নিম্নোক্ত ফোন নাম্বার সমূহে যোগাযোগ করা যেতে পারে।

১। জনাব মোঃ মেহেদী হাসান, সফটওয়ার ইঞ্জিনিয়ার, ইএমএস প্রজেক্ট ঃ ০১৬৭৬-২২৭০১৯
২। জনাব মোক্তাদিরুল ইসলাম রাজু, সফটওয়্যার ইঞ্জিনিয়ার, ইএমএস প্রজেক্ট ঃ ০১৬০৯-৬০৫৪৯৪
৩। জনাব মোঃ আবদুর রহিম, সেকশন অফিসার, অনার্স ৪র্থ বর্ষ শাখা, জাতীয় বিশ্ববিদ্যালয় ঃ ০১৭১১-১২৫৩৯৮
৪। জনাব কাইয়ুম মিয়া, প্রশাসনিক কর্মকর্তা, অনার্স ৪র্থ বর্ষ শাখা, জাতীয় বিশ্ববিদ্যালয় ঃ ০১৯১৪-১৪০১৯৮

০৯। বিশ্ববিদ্যালয়ের ফি জমাদানের পদ্ধতি ঃ

ক) সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের ফি এর সমুদয় অর্থ জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত জমা ফরম উল্লেখিত ওয়েবসাইট থেকে ডাউনলোড করে সোনালী সেবা এর মাধ্যমে সোনালী ব্যাংকের যে কোন শাখা থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের তহবিলে জমা দিতে হবে।

খ) সংশ্লিষ্ট কলেজ উল্লেখিত ওয়েবসাইট -এ Log-in করে Pay Slip ডাউনলোড করতে হবে। Pay Slip এ সংশ্লিষ্ট খাতে হিসাব নম্বর ও উল্লেখিত মোট টাকার অংশের কপি নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিয়ে রশিদ গ্রহণ করতে হবে।

গ) কেন্দ্র ফি হিসেবে আদায়কৃত মোট অর্থের পরীক্ষার্থী প্রতি ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা নিজ কলেজের পরীক্ষা সংক্রান্ত খরচের জন্য রেখে পরীক্ষার্থী প্রতি ৩০০/- (তিনশত) টাকা হারে নির্ধারিত পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট রোল নম্বর/রেজি: নম্বর বিবরণীসহ পরীক্ষা অনুষ্ঠানের ০৩ (তিন) দিন পূর্বেই জমা দিতে হবে।

ঘ) Pay Slip সংগ্রহের জন্য ১৭/০৩/২০২৫ সকাল ১০:০০ টা থেকে ২০/০৩/২০২৫ তারিখ বিকাল ০৪:০০ টা পর্যন্ত Link active থাকবে। নির্ধারিত সময়ের পর Pay Slip ডাউনলোড করা বা টাকা জমা দেওয়া যাবে না।

ঙ) সোনালী সেবা সংক্রান্ত জটিলতা নিরসনের জন্য জনাব মোঃ হুমায়ুন কবীর,সিস্টেম এনালিস্ট, E-mail: kabir.erp@gmail.com,-এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

চ) উল্লেখ্য জাতীয় বিশ্ববিদ্যালয় সরাসরি কোন পরীক্ষার্থীর নিকট থেকে পরীক্ষার ফি সংগ্রহ করে না। অনলাইনে ফরম পূরণ করে তা অবশ্যই সংশ্লিষ্ট কলেজকে অবহিত করতে হবে।

১০। বিবিধঃ

ক) পরীক্ষার্থীদের পরীক্ষার হলে বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহকৃত মূল রেজিঃ কার্ড ও প্রবেশপত্র প্রদর্শন করতে হবে।
খ) পরীক্ষার সময়সূচী যথাসময়ে সংশ্লিষ্ট কলেজ/কেন্দ্র সমূহে প্রেরণ ও বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।
গ) যেসব পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন ফরম পূরণ করবে তাদের কলেজ ও বিষয়ওয়ারী তালিকা ওয়েবসাইটে প্রবেশপত্র ইস্যুর পূর্বেই প্রকাশ করা হবে। কোন প্রকার সংশোধনী থাকলে প্রবেশপত্র ইস্যুর পূর্বেই সংশোধন করে নিতে হবে।

(মোঃ এনামুল করিম)
পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
ফোন ঃ ০২-৯৯৬৬৯১৫১৭
ই-মেইল ঃ controller@nu.ac.bd

স্মারক নং-১৮(০৫)জাতীঃবিঃ/পনি/অনার্স পার্ট-৪/২০১৪/২০২৩/২০২৫/৪৩২৮ তারিখ ঃ ১৮/০২/২০২৫ খ্রিঃ

অনুলিপি, অবগতি ও কার্যার্থে ঃ

১. সকল ডীন, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
২. রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
৩. পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
৪. পরিচালক, জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
৫. পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
(এ বিজ্ঞপ্তিটি জরুরি ভিত্তিতে ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৬. পরিচালক, আঞ্চলিক কেন্দ্র পরিচালন দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
৭. পরিচালক, সকল আঞ্চলিক কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
৮. পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
৯. পরিচালক ও সচিব, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
১০. অধ্যক্ষ, সকল অনার্স কলেজ (সংশ্লিষ্ট সকলকে জরুরি ভিত্তিতে অবহিত করার জন্য অনুরোধ করা হলো);
১১. উপ-রেজিস্ট্রার, ট্রেজারার মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
১২. সহকারী রেজিস্ট্রার (সকল), প্রো-ভাইস চ্যান্সেলর- মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
১৩. ম্যানেজার, সোনালী ব্যাংক পিএলসি, জাতীয় বিশ্ববিদ্যালয় শাখা, গাজীপুর;
১৪. অফিস কপি।

(মোঃ শামীম আহমেদ) ১৮/০২/২০২৫
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
অনার্স চতুর্থ বর্ষ শাখা
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
মোবাইল: ০১৩১৩-০৫২৩৬১
E-mail: dchp4.nu@gmail.com